# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

**মতিঝিল, ঢাকা-১০০০**

**বাংলাদেশ।**

Website: www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**


**ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪**

**তারিখঃ ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫**

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**রাষ্ট্রীয়ভাবে শোক পালন ও ফাইন্যান্স কোম্পানি বন্ধ রাখা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের প্রজ্ঞাপন (কপি সংযুক্ত) নম্বরঃ ০৪.০০. ০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০ এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত প্রজ্ঞাপন মোতাবেক শোক পালন কর্মসূচী গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

২। এতদ্ব্যতীত, জনপ্রশাসন মন্ত্রণালয় এর ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৩০ এর মাধ্যমে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ, বুধবার নির্বাহী আদেশে এক দিনের সরকারি ছুটি ঘোষণা করার প্রেক্ষিতে ফাইন্যান্স কোম্পানিসমূহের কার্যক্রম উক্ত তারিখে বন্ধ থাকবে।তবে, বার্ষিক/অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী-২০২৫ এর সাথে সংশ্লিষ্ট শাখা/বিভাগ ফাইন্যান্স কোম্পানি স্বীয় বিবেচনায় খোলা রাখবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

(সৈয়দ মাহবুবুল আলম)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ৩০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ পৌষ ১৪৩২/ ৩০ ডিসেম্বর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০২.২০.২০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার আন্দোলনের আপসহীন নেত্রীর মৃত্যুতে অন্তর্বর্তীকালীন সরকার গভীরভাবে শোকাহত। সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, তাঁর মৃত্যুতে আগামী বুধবার, ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচি হিসাবে উক্ত তিনদিন বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা-প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার, ২ জানুয়ারি ২০২৬ বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানেও তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০